

১৪৩১ বঙ্গাব্দের জন্য যশোর সদর উপজেলার হাট-বাজারসমূহ (২য়-৪র্থ বার) ইজারা বিজ্ঞপ্তি


এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, যশোর সদর উপজেলায় বিভিন্ন ইউনিয়নে অবস্থিত নিম্নবর্ণিত সাধারণতঃ হাট-বাজারসমূহ ১৪৩১ বঙ্গাব্দের ১লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১ (এক) বছরের জন্য ইজারা প্রদানের নিমিত্ত সিডিউলে উল্লেখিত শর্তসাপেক্ষে আগ্রহী ব্যক্তিবর্গের নিকট থেকে সিল মোহরযুক্ত দরপত্র আহবান করা যাচ্ছে। প্রয়োজনীয় শর্তাবলীসহ দরপত্র সম্পর্কিত সিডিউল ক্যালেন্ডারে বর্ণিত দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত (ছুটির দিন ছাড়া) অফিস চলাকালীন নির্ধারিত মূল্যে (অফেরৎযোগ্য) জেলা প্রশাসক, যশোর মহোদয়ের কার্যালয়ের স্থানীয় সরকার শাখা; সহকারী কমিশনার (ভূমি), যশোর সদর, যশোর; কোতয়ালী মডেল থানা, যশোর সদর, যশোর; সোনালী ব্যাংক লিঃ আরএন, রোড শাখা, যশোর ও নিম্নস্বাক্ষরকারীর অফিস হতে দরপত্র ক্রয় করা যাবে। দরপত্রসমূহ ক্যালেন্ডারে বর্ণিত সময়সূচি মোতাবেক জেলা প্রশাসক, যশোর মহোদয়ের কার্যালয়ের স্থানীয় সরকার শাখা; সহকারী কমিশনার (ভূমি), যশোর সদর, যশোর; কোতয়ালী মডেল থানা, যশোর সদর, যশোর ও নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত থাকে গ্রহণ করা হবে। দরপত্রসমূহ ঐ দিন বেলা ৩.০০ ঘটিকায় উপস্থিত দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, যশোর সদর, যশোর-এ দরপত্র বাস্তব খোলা হবে। কর্তৃপক্ষ যে কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। দরপত্র সংক্রান্ত যে কোন তথ্য www.sadar.jessore.gov.bd ওয়েব সাইটে পাওয়া যাবে এবং অফিস চলাকালীন নিম্নস্বাক্ষরকারীর অফিস হতে জানা যাবে।

তফসিলভুক্ত হাট-বাজারের তালিকা

ক্র: নং	হাট-বাজারের নাম	যে ইউনিয়নে অবস্থিত	সরকারি মূল্য (বিগত ৩ বছরের গড় ইজারা মূল্যের সাথে ৬% বর্ধিত করে)	দরপত্রের মূল্য (অফেরৎযোগ্য)
১।	বুপদিয়া হাট	নরেন্দ্রপুর	২৫,২৬,৯৬৯/-	৫৮০০/-
২।	সতীঘাটা হাট	রামনগর	৪,৭৭০/-	৫০০/-
৩।	বারীনগর পশু হাট	হৈবতপুর	২৫,৭৮,২৭৩/-	৫,৮০০/-
৪।	মনোহরপুর হাট	ইছালী	৪,০০,৩২৭/-	১,৬০০/-
৫।	হাশিমপুর হাট	ইছালী	৪,৫৪,৫৬৭/-	১,৬০০/-
৬।	তেঁতুলিয়া হাট	চাঁচড়া	৩,৯৪,১০০/-	১,৪০০/-
৭।	বালিয়া ভেকুটিয়া হাট	আরবপুর	১,৩৫,৯৬৬/-	১,২০০/-

দরপত্র ক্রয়, দাখিল ও খোলার ক্যালেন্ডার

ক্রমিক/দফা	দরপত্র বিক্রয়ের শেষ দিন	দরপত্র দাখিলের তারিখ	দরপত্র দাখিলের সময়		দরপত্র খোলার সময়
			হতে	পর্যন্ত	
২য় দফা	২৭/০২/২৪ খ্রি:	২৮/০২/২৪ খ্রি:	সকাল ১০ টা	দুপুর ১.০০টা	২৮/০২/২৪ খ্রি: তারিখ বেলা ৩.০০ টা
৩য় দফা	১০/০৩/২৪ খ্রি:	১১/০৩/২৪ খ্রি:	সকাল ১০ টা	দুপুর ১.০০টা	১১/০৩/২৪ খ্রি: তারিখ বেলা ৩.০০ টা
৪র্থ দফা	২০/০৩/২৪ খ্রি:	২১/০৩/২৪ খ্রি:	সকাল ১০ টা	দুপুর ১.০০টা	২১/০৩/২৪ খ্রি: তারিখ বেলা ৩.০০ টা


রিপন বিশ্বাস
উপজেলা নির্বাহী অফিসার
যশোর সদর, যশোর।

unojessore@mopa.gov.bd

ফোন নং-০২৪৭৭৭৬২৪৩২